দৈনিক ইনকিলাব

তারিখ 24 JUL 2008
পৃষ্ঠা 12 কলাম ৫

# সিটি কলেজে এ বছর ১ হাজার আসন সংখ্যা কমানোর অভিযোগ

*ক্ষুব্ধ শিক্ষার্থী-শিক্ষক-অভিভাবক*

স্টাফ রিপোর্টার

গোল্ডেন জিপিএ এবং জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা বৃদ্ধির কারণে রাজধানীর সেরা কলেজে ভর্তির ক্ষেত্রে তীব্র প্রতিযোগিতা সত্ত্বেও ঢাকা সিটি কলেজে গত বছরের তুলনায় এ বছর আসন সংখ্যা প্রায় ১ হাজার হ্রাস করা হয়েছে বলে অভিভাবকগণ অভিযোগ করেছেন। তারা বলেন, সরকার যেখানে সেরা কলেজগুলোতে ডাবল শিফট ও ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে, সেখানে সিটি পৃঃ ২ কঃ ৮

## সিটি কলেজে এ বছর

১২-এর পৃষ্ঠার পর

কলেজের এ সিদ্ধান্ত সম্পূর্ণ রহস্যজনক। এ ব্যাপারে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের মাঝে ক্ষুব্ধ প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। অভিভাবকগণ বলেন, সিটি কলেজের একজন সিনিয়র শিক্ষক বলেছেন, প্রিন্সিপালের ব্যক্তিগত উদ্যোগে আসন সংখ্যা হ্রাস করা হয়েছে। এ ব্যাপারে একাডেমিক কমিটি কিংবা ভর্তি কমিটির কোন অনুমোদন নেয়া হয়নি। অভিভাবক ও শিক্ষকগণের মতে, কলেজে নতুন ছয়তলা বিল্ডিং তৈরী করা হয়েছে। ফলে আসন সংখ্যা বৃদ্ধি করাই ছিল প্রত্যাশিত। কিন্তু হ্রাস করার কারণ অজানা।

উল্লেখ্য, গত বছর বাণিজ্য বিভাগে ২৬টি সেকশনে শিক্ষার্থী ভর্তি করা হলেও এ বছর মাত্র ১৬টি সেকশনে ভর্তি নেয়া হয়েছে। বিজ্ঞান বিভাগেও ৪টি সেকশন কমানো হয়েছে। অভিভাবকগণ এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের হস্তক্ষেপ কামনা করেছেন।